বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি)
সাভার, ঢাকা-১৩৪৩
www.bpatc.org.bd
পরিকল্পনা শাখা

...

সভাপতি	মোঃ রকিব হোসেন এনডিসি রেক্টর
সভার তারিখ	০৪ মে ২০২১ খ্রি.
সভার সময়	দুপুর ১২:০০ টা
স্থান	অনলাইন (জুম মিটিং আইডি: 95744266084 পাসকোড: 707900
উপস্থিতি	স্ক্রিনশট (সংযুক্ত)

সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরুর জন্য পরিচালক (পিপিআর) কে অনুরোধ জানান। নির্দেশনা অনুযায়ী পরিচালক (পিপিআর) প্রথমেই অনলাইনে সংযুক্ত অনুষদবৃন্দের সম্মতিক্রমে বিগত অনুষদ সভার কার্যবিবরণী দৃঢ় করেন। অতঃপর বিগত সভায় উত্থাপিত বিভিন্ন বিষয়ের বাস্তব অবস্থা, অগ্রগতিসহ নির্ধারিত আলোচ্যসূচিসমূহ ধারাবাহিকভাবে উপস্থাপন করেন। অনুষদবৃন্দের আলোচনা পরামর্শক্রমে উক্ত সভায় নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক্র. নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত ও বাস্তবায়নকারী
১।	Institutional Review ও মূল্যায়ন নীতিমালা হালনাগাদকরণ	সভায় জানানো হয়, বিপিএটিসি’র Institutional Review এখনো সম্পন্ন হয়নি। এ বিষয়ে আন্তঃমন্ত্রনালয় এখানো কাজ করছে। তবে কেন্দ্রের APA ২০২০-২১ এর লক্ষ্যমাত্রা নির্ধারিত থাকায় বিপিএটিসি’র Institutional Review জরুরি মর্মে সভায় মত পোষণ করা হয়। APA লক্ষ্যমাত্রা পূরণকল্পে নিম্নোক্ত সদস্যবৃন্দের সমন্বয়ে একটি কমিটি গঠনের সিদ্ধান্ত হয় সভায়। উক্ত কমিটির সদস্যবৃন্দ হবেন নিম্নরুপ:- ১। সৈয়দ মিজানুর রহমান এনডিসি, আহবায়ক ২। জনাব বণিক গৌর সুন্দর, এক্সটার্নাল সদস্য ৩। জনাব মোহাম্মদ রাজিবুল ইসলাম, সদস্য ৪। জনাব মোঃ সিদ্দিকুর রহমান, সদস্য ৫। ড. এম. আরিফুর রহমান, সদস্য ৬। ড. মোঃ জহুরুল ইসলাম, সদস্য ৭। ড. রোকেয়া ফাহমিদা, সদস্য	১.১ বিপিএটিসি’র Institutional Review এর নতুন কমিটি গঠনের আদেশ জারি করতে হবে এবং সদস্যবৃন্দের আর্থিক প্রণোদনার বিষয়টি যাচাইপূর্বক নিশ্চিত করতে হবে। বাস্তবায়নে: পরিচালক (পিপিআর)/ পরিচালক (প্রশাসন) ১.২ কেন্দ্রের এপিএ লক্ষ্যমাত্রা ২০২০-২১ পূরণকল্পে নবগঠিত কমিটি দায়িত্ব পালন করবে এবং আগামী ৩০ মে ২০২১ এর উক্ত কমিটি রিপোর্ট পেশ করবে। বাস্তবায়নে: নবগঠিত কমিটি ১.৩ প্রশিক্ষণের কার্যধারা স্বাভাবিক রাখতে প্রযোজ্য ক্ষেত্রে মূল্যায়ন নীতিমালা যথাযোগ্য কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে পরিমার্জনের প্রক্রিয়া অব্যাহত রাখতে হবে। বিপিএটিসি’র Institutional

		৮। জনাব জহির ইমাম, সদস্য ৯। ড. মোহাম্মদ রেজাউল করিম, সদস্য-সচিব উক্ত কমিটির সদস্যবৃন্দের জন্যে সম্ভাব্য আর্থিক প্রণোদনা প্রদানের ব্যবস্থা গ্রহণের বিষয়ে সভায় জানানো হয়। উক্ত কমিটি প্রয়োজনে সংশ্লিষ্ট আন্তঃমন্ত্রণালয় কমিটির সাথে সমন্বয় করবেন। তবে এপিএ লক্ষ্যমাত্রা পুরণকল্পে মে ২০২১ এর মধ্যে তারা রিপোর্ট প্রদান করবেন। এছাড়াও সভায় আরো জানানো হয় Institutional Review এর অংশ হিসেবে মূল্যায়ন নীতিমালার চলমান পরিমার্জন, পরিবর্তন (যেমন- এফটিসি'র সার্বিক মূল্যায়ন ১৫০০ নম্বরের পরিবর্তে ১২০০ করা) এর কাজ অব্যাহত থাকবে এবং যথাযোগ্য কর্তৃপক্ষের অনুমোদনসাপেক্ষে তা বাস্তবায়ন করতে হবে।	Review সম্পন্ন হলে এ বিষয়ে বিস্তারিত পরিকল্পনা নেয়া হবে। বাস্তবায়নে: পরিচালক (মূল্যায়ন)
২।	ACAD এবং SSC কোর্স কারিক্যুলাম Review	সভায় জানানো হয়, কেন্দ্রের এপিএ ২০২০-২১ লক্ষ্যমাত্রা অনুযায়ী ACAD এবং SSC কোর্স কারিক্যুলাম রিভিউ এর বিষয়টি অন্তর্ভূক্ত রয়েছে। এ বিষয়ে পরিচালক (পিপিআর) ও পরিচালক (আইপি) সভায় অবহিত করেন যে, ইতোমধ্যে কেন্দ্রের FTC ও ACAD নিয়ে মন্ত্রণালয়ের সাথে বৈঠকে কারিক্যুলাম রিভিউ হয়েছে। তবে SSC এর review এখনো সম্পন্ন হয়নি। পরবর্তী নির্দেশনার জন্যে MoPA উক্ত রিভিউ এর রিপোর্ট প্রধানমন্ত্রীর কার্যালয়ে জমা প্রদান করবে । APA এ লক্ষ্যমাত্রা পূরণের লক্ষ্যে ACAD ও SSC এর কারিক্যুলাম দ্রুত রিভিউ এর পরামর্শ সভায় দেয়া হয়। প্রয়োজনে এক্সটার্নাল সদস্যের অন্তর্ভূক্তির প্রস্তাব রাখা হয় এবং মন্ত্রণালয়ের রিভিউকৃত অংশের সমন্বয়ের বিষয়েও জোর দেয়া হয়।	২.১ ACAD ও SSC এর কারিক্যুলাম ৩০ মে ২০২১ এর মধ্যে CDC এবং একজন External সদ্যস্যের (বণিক গৌর সুন্দর) সমন্বয়ে রিভিউ করতে হবে। বাস্তবায়নে: পরিচালক (পিপিআর) ও CDC

৩।	Policy Dialogue আয়োজন	চলমান করোনা পরিস্থিতি বিবেচনা করে Policy Dialogue আয়োজনের বিষয়ে সভায় আলোচনা করা হয়। এক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয় ও প্রধানমন্ত্রীর কার্যালয়ের সঙ্গে যোগাযোগের প্রেক্ষিতে সিদ্ধান্ত গ্রহণের বিষয়ে সভায় মত দেয়া হয়। করোনা পরিস্থিতির উন্নতি হলে ডিসেম্বর ২০২১ বা নিকটবর্তী সময়ে ২টি ধাপে Policy Dialogue আয়োজন করা যেতে পারে। তবে এক্ষেত্রে ২টি ধাপের মধ্যে যথেষ্ট সময়ের ব্যবধান রাখতে হবে যাতে সার্বিক আয়োজন সুষ্ঠুভাবে সম্পন্নকরণে সুবিধা হবে বলে সভায় জানানো হয়।	৩.১ করোনা পরিস্থিতি পর্যালোচনাপূর্বক জনপ্রশাসন মন্ত্রণালয়ের সাথে নিয়মিত যোগাযোগপূর্বক Policy Dialogue আয়োজনের সম্ভাব্যতা যাচাইপূর্বক চূড়ান্ত তারিখ নির্ধারণের ব্যবস্থা নিতে হবে। বাস্তবায়নে: পরিচালক (পিপিআর)
৪।	অনুষদ সদস্যবৃন্দের বিদেশ ভ্রমণ/প্রশিক্ষণ সংশ্লিষ্ট তথ্যাদি ERP তে দেয়া	কেন্দ্রের অনুষদ সদস্যবৃন্দের বিদেশ প্রশিক্ষণ এবং ভ্রমণ সংশ্লিষ্ট তথ্যাদি আইপি শাখার তত্ত্বাবধানে ERP তে নিয়মিত আপলোড করা হচ্ছে বলে সভায় জানানো হয়। তবে এসকল তথ্য নিয়মিত হালনাগাদকরণসহ যাচাই-বাছাই এর লক্ষ্যে একজন কর্মকর্তাকে নির্দিষ্ট দায়িত্ব অর্পণের বিষয়ে সভায় সিদ্ধান্ত নেয়া হয়। এছাড়াও উক্ত তথ্য অনুষদ সদস্যবৃন্দের জন্যে সহজে প্রদর্শনযোগ্য করার বিষয়ে সভায় মত দেয়া হয়।	৪.১ সহকারী পরিচালক (আইপি) কেন্দ্রের অনুষদ সদস্যবৃন্দের বিদেশ প্রশিক্ষণ ও ভ্রমণ সংক্রান্ত তথ্য ERP Software এ আপলোডকরণের বিষয়টি তত্ত্বাবধান করবেন এবং এ সংক্রান্ত তথ্য সকল অনুষদ সদস্য যেন ERP Software হতে গ্রহণ করতে পারেন তা নিশ্চিত করবেন। বাস্তবায়নে: পরিচালক (আইপি) ও সহকারী পরিচালক (আইপি)/ সিস্টেম এনালিস্ট

৫।	ToT কোর্স আয়োজন	সোশ্যাল মিডিয়া সংলাপের আওতায় ৪টি ToT এর মধ্যে ইতোমধ্যে ০৩ (তিন) টি ToT সম্পন্ন হয়েছে বলে সভায় জানানো হয়। তবে শেষ অর্থাৎ ৪র্থ ToT টি এখনো সম্পন্ন হয়নি। অসম্পন্ন ৪র্থ ToT টি অতি দ্রুত আয়োজনের বিষয়ে সভায় মত প্রদান করা হয় এবং উক্ত কোর্সটি পরিচালনার জন্যে কোর্স পরিচালক হিসেবে জনাব ড. মুহাম্মদ জিয়াউল ইসলাম, সহকারী সিস্টেমস্ এনালিস্টের নাম প্রস্তাব করা হয়। কোর্সটি চলমান করোনা পরিস্থিতিতে অনলাইনে সম্পন্ন করার বিষয়ে সভায় মত দেয়া হয়। কোর্সটি আয়োজনে যদি কোনো অসুবিধা থাকে তার সুস্পষ্ট কারণ উল্লেখপূর্বক কোর্স স্থগিতকরণের দাপ্তরিক অনুমোদনের ব্যবস্থা নেয়ার বিষয়ে সভায় জোর দেয়া হয়।	৫.১ সোশ্যাল মিডিয়া সংলাপের ৪র্থ ToT টি অতি দ্রুত অনলাইন মাধ্যমে আয়োজন করতে হবে এবং এতদসংশ্লিষ্ট কোর্স ম্যানেজমেন্ট টিম গঠন করতে হবে। আর প্রদত্ত কোনো কারণে কোর্সটির আয়োজন না করা গেলে তার অনুমোদন রেক্টর কর্তৃক গ্রহণ করতে হবে। বাস্তবায়নে: পরিচালক (পিপিআর) ও সংশ্লিষ্ট সিএমটি

৬।	ই-লার্নিং প্ল্যাটফর্ম	বিপিএটিসি'র ই-লার্নিং প্ল্যাটপর্ম প্রস্তুতকরণের ক্ষেত্রে Hardware এর সাথে Pedagogical বিষয়টির উপর গুরুত্বরোপের জন্যে সভায় মত দেয়া হয়। ই-লার্নিং এর জন্য একটি মানসম্মত Content প্রস্তুকরণের লক্ষ্যে একটি কমিটি গঠনের প্রস্তাবনা উপস্থাপিত হয়। কমিটির সদস্যগণ হবেন- ১। এমডিএস (আরঅ্যান্ডসি)- উপদেষ্টা ২। সিস্টেম এনালিস্ট- সভাপতি ৩। জনাব মোহাম্মদ রাজিবুল ইসলাম, পরিচালক- সদস্য ৪। জনাব হাসান মুর্তাজা মাসুম, পরিচালক- সদস্য ৫। ড. মোহাম্মদ রেজাউল করিম, উপপরিচালক- সদস্য ৬। জনাব মোঃ মোতাহের হোসাইন, উপপরিচালক- সদস্য ৭। জনাব মোঃ মোরশেদ আলম, উপপরিচালক - সদস্য ৮। বেগম আফিয়া রহমান মুক্তা, গবেষণা কর্মকর্তা - সদস্য ৯। জনাব মোহাম্মদ সোহরাব হোসেন, সহকারী পরিচালক - সদস্য ১০। জনাব তানযিনা আক্তার, সহকারী পরিচালক - সদস্য ১১। জনাব শামীম আদনান, সহকারী পরিচালক- সদস্য সচিব	৬.১ ই-লার্নিং প্ল্যাটফর্ম এ অনলাইন প্রশিক্ষণ কোর্সের জন্য কোর্সের বিষয় এবং মানসম্মত Content প্রস্তুত করতে হবে। বাস্তবায়নে: সংশ্লিষ্ট কমিটি
৭।	Standard Operating Procedure (SOP) প্রকাশ	কেন্দ্রের প্রশিক্ষণ কোর্সসমূহের পরিচালন প্রক্রিয়ায় সামঞ্জস্য বিধানে নির্ধারিত কমিটি কর্তৃক SOP চূড়ান্ত করা হয়েছে বলে সভায় অবহিত করা হয। এজন্য SOP কমিটিকে ধন্যবাদসহ উক্ত ম্যানুয়াল বিপিএটিসি'র একটি অনন্য অর্জন হবে সভায় মত প্রকাশ করা হয় এবং চূড়ান্ত SOPটি বিপিএটিসি'র ওয়েবসাইটে প্রকাশসহ এপিএ লক্ষ্যমাত্রা অর্জন হয়েছে-এ মর্মে দেখানোর সিদ্ধান্ত নেয়া হয়।	৭.১ চূড়ান্তকৃত SOP দ্রুত প্রকাশ করতে হবে এবং এতদসংশ্লিষ্ট এপিএ লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে মর্মে সংশ্লিষ্ট শাখাকে অবহিত করতে হবে। বাস্তবায়নে: পরিচালক (পিপিআর)

৮।	স্থগিতকৃত ১৩২তম এসিএডি পুনরায় চালুকরণ	সভায় জানানো হয়, জনপ্রশাসন মন্ত্রণালয়ের নির্দেশনার আলোকে ১১ এপ্রিল ২০২১ তারিখে ১৩২তম এসিএডি কোর্সটি স্থগিত করা হয় এবং অদ্যবধি কোর্সটির একমাস অবশিষ্ট রয়েছে। এমতাবস্থায়, করোনা পরিস্থিতি বিবেচনাপূর্বক স্থগিতকৃত কোর্সটি ১৭ মে ২০২১ তারিখ থেকে পুনরায় আরম্ভ করার বিষয়ে মন্ত্রণালয়ে পত্র প্রেরণের বিষয়ে সভায় মত দেয়া হয়। এক্ষেত্রে, প্রথম দুই সপ্তাহ হতে পারে অনলাইন ভিত্তিক এবং পরিস্থিতি বিবেচনাসাপেক্ষে পরবর্তী প্রস্তুতি গ্রহণের বিষয়ে সভায় সদস্যগণ ঐকমত্য পোষণ করেন।	৮.১ স্থগিতকৃত ১৩২তম এসিএডি ১৭ মে ২০২১ তারিখ থেকে পুনরায় চালুকরণের লক্ষ্যে জনপ্রশাসন মন্ত্রনালয়ে একটি চিঠি প্রেরণের ব্যবস্থা নিতে হবে। মহামারী পরিস্থিতির আলোকে কোর্সটি সম্পন্নকরণে অনলাইন পদ্ধতি প্রাধান্য পাবে। বাস্তবায়নে: পরিচালক (পিপিআর) ও সিএমটি, ১৩২তম এসিএডি
৯।	৭২তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স	৭২তম এফটিসি দ্রুত শুরু করা যায় কিনা- এ বিষয়ে সভায় ব্যাপক আলোচনা করা হয়। সভায় জানানো হয় এফটিসি আয়োজন বিপিএটিসি'র অন্যতম গুরুত্বপূর্ণ ম্যান্ডেট। ফলে, পরিবর্তিত পরিস্থিতিকে দ্রুত মানিয়ে নিয়ে সময়োপযোগী উপায় বের করার জন্য সভায় সদস্যবৃন্দের মত চাওয়া হয়। আলোচনার প্রেক্ষিতে, আগামী ২৩ মে ২০২১ তারিখ থেকে ৭২তম এফটিসি আয়োজনের জন্য মন্ত্রণালয়ে পত্র প্রেরণের বিষয়ে সিদ্ধান্ত নেয়া হয়। কোর্সটির সুষ্ঠু বাস্তবায়নে প্রয়োজনে প্রশিক্ষণার্থীগণকে প্রশিক্ষণ প্রতিষ্ঠানগুলোতে সশরীরে এনে কোনরূপ ছুটি ছাড়াই স্বাস্থ্যবিধির কঠোর অনুশীলনে জোর দেয়ার বিষয়ে সভায় জানানো হয়। এছাড়াও প্রয়োজনে অনলাইন সেশন, একক খেলাধূলা ও ডরমিটরিতে অবস্থান করে কোর্সটি সম্পন্ন করার বিষয়ে সভায় ঐকমত পাওয়া যায়।	৯.১ ৭২তম এফটিসি স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক দ্রুত আয়োজনের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করতে হবে। বাস্তবায়নে: পরিচালক (পিপিআর) ৯.২ করোনা স্বাস্থ্যবিধি সঠিকভাবে অনুসরণপূর্বক ৭২তম এফটিসি সম্পন্ন করতে ব্যবস্থা নিতে হবে। বাস্তবায়নে: সিএমটি, ৭২তম এফটিসি এবং সংশ্লিষ্ট শাখা অনুবিভাগ।

১০।	অনুষদ সদস্যবৃন্দের CV ওয়েবসাইটে দেয়া	বিপিএটিসি’র ওয়েবসাইটে Faculty List ও অনেক অনুষদ সদস্যের কোনো CV দেয়া নেই। তাছাড়াও অনেকের CV কাঙ্খিতমান অনুসরণপূর্বক দেয়া হয়নি বলে সভায় মত প্রকাশ করা হয়। বিষয়টি সভায় গুরুত্বসহকারে বিবেচিত হয় এবং Faculty List এ অনুষদ সদস্যবৃন্দের CV গুলোর একটি নির্দিষ্ট Standard বজায় রাখতে একটি কমিটি গঠনের প্রয়োজন হয়। কমিটির সদস্যবৃন্দ- ১। জনাব মোঃ শরীফ হাছান, পরিচালক- সভাপতি ২। ড. মোহাম্মদ রেজাউল করিম, উপপরিচালক- সদস্য ৩। জনাব ফারুক সুফিয়ান, সহকারী পরিচালক – সদস্য ৪। জনাব শামীম আদনান, সহকারী পরিচালক- সদস্য অনুষদ সদস্যগণকে আগামী ১০ কর্মদিবসের মধ্যে তাদের CV উক্ত কমিটির কাছে প্রেরণের জন্যেও সভায় নির্দেশনা দেয়া হয়।	১০.১ আগামী ১০ (দশ) কর্মদিবসের মধ্যে অনুষদবর্গ (যাদের CV ওয়েবসাইটে দেয়া নেই) তাদের CV সংশ্লিষ্ট কমিটির নিকট প্রেণ করবে। বাস্তবায়নে: সংশ্লিষ্ট কমিটি অনুষদ সদস্য। ১০.২ ওয়েবসাইটে অনুষদবৃন্দের CV একটি নির্দিষ্ট মান অনুসরণপূর্বক আপলোড করতে হবে। এ সংশ্লিষ্ট কমিটি গঠন করতে হবে। বাস্তবায়নে: সংশ্লিষ্ট কমিটি।
১১।	মডিউল পরিচালক নির্ধারণ এবং Foreign Tour এর জন্য অনুষদ সদস্যের মনোনয়ন	কেন্দ্রে নিয়মিত বিভিন্ন প্রশিক্ষণ কোর্স পরিচালিত হয়। যার অংশ হিসেবে অনুষদ সদস্যগণকে মডিউল পরিচালক এবং উচ্চতর পর্যায়ের কোর্সগুলোর জন্য Foreign Tour এ মনোনয়ন দেয়া হয়। এক্ষেত্রে স্বীকৃত কোন পন্থা অবলম্বনের ব্যবস্থা নেই বলে সভায় মত উপস্থাপিত হয়। যা ক্ষেত্র বিশেষে স্বচ্ছতা ও বিশ্বাসযোগ্যতা প্রশ্নসাপেক্ষ করে তুলতে পারে। মডিউল পরিচালক ও Foreign Tour এ অনুষদ সদস্যের মনোনয়নের ক্ষেত্রে একটি Standard Strategy প্রণয়নের জন্যে সভায় গুরুত্ব দেয়া হয়।	১১.১ মডিউল পরিচালক ও Foreign Tour এ অনুষদ সদস্যগণের মনোনয়ন অধিক যৌক্তিকিরণের সুপারিশ বা পন্থা প্রণয়ন করতে হবে। বাস্তবায়নে: পরিচালক (পিপিআর)

১২।	নিয়মিত অনুষদ সভা ও প্রয়োজনানুযায়ী Course Preparatory Meeting আয়োজন	অনুষদ সভায় কেন্দ্রের জন্য অতীব গুরুত্বপূর্ণ এবং এ সভায় প্রশিক্ষণের উল্লেখযোগ্য দিকসমূহ উপস্থাপিত এবং মূল্যায়িত হয়। ফলে, অনুষদ সভা প্রতি মাসে করার বিষয়ে মতামত দেয়া হয়। তাছাড়াও অনুষদ সভায় কেন্দ্রের প্রশাসনিক বিষয়সমূহ বাদ দেয়ার প্রস্তাব করা হয়। পরবর্তীতে অনুষদ সভা ইংরেজি ভাষায় করার বিষয়েও সভায় মত পোষণ করা হয়। এছাড়াও গুরুত্বপূর্ণ কোর্সসমূহের প্রাক্কালে প্রয়োজন অনুযায়ী প্রস্তুতিমূলক সভা এবং কোনো কোর্স শেষে মূল্যায়ন বিভিন্ন এবং সংশ্লিষ্ট কোর্স ম্যানেজমেন্ট টিমসহ Review Meeting আয়োজনের কথা সভায় জানানো হয়। Review meeting এর ক্ষেত্রে মাসিক অনুষদ সভার সূচিকে বেছে নেয়ার উপর জোর দেয়া হয়।	১২.১ নিয়মিত অনুষদ সভা আয়োজন করতে হবে। অনুষদ সভার মাধ্যম হবে ইংরেজি ভাষা। বাস্তবায়নে: পরিচালক (পিপিআর) ১২.২ গুরুত্বপূর্ণ কোর্সসমূহের প্রাক্কালে প্রস্তুতিমূলক সভা এবং কোর্স সমাপনান্তে Review Meeting আয়োজন করতে হবে। এক্ষেত্রে নিকটবর্তী অনুষদ সভার তারিখকে প্রাধ্যান্য দিতে হবে। বাস্তবায়নে: পরিচালক (পিপিআর) সংশ্লিষ্ট সিএমটি, পরিচালক (মূল্যায়ন)
১৩।	Guest Speaker এর CV একত্রীকরণ	কেন্দ্রের বিভিন্ন কোর্সসমূহে সেশন পরিচালনা করেন এমন Guest Speaker এর CV সংগ্রহপূর্বক একটি Central Collage করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত কাজের জন্য উপপরিচালক (এমআইএস) এর নেতৃত্বে ০৩ সদস্য বিশিষ্ট কমিটি গঠনের প্রস্তাব করা হয়।	১৩.১ Guest Speaker এর CV সংগ্রহপূর্বক একটি Central Collage গঠন করতে হবে। বাস্তবায়নে: MDS (P&S), MDS (R&C) এবং DD(MIS) সংশ্লিষ্ট সিভিসমূহ
১৪	চলমান গবেষণা কার্যক্রম	সভায় সদস্যবৃন্দ একমত পোষণ করেন যে, বিপিএটিসির গবেষণা কার্যক্রমকে অব্যাহত রাখতে হবে, নিয়মিত অনুষদ সেমিনার আয়োজন করতে হবে এবং BRC কর্তৃক অনুমোদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	১৪.১ চলমান গবেষণা কার্যক্রম অব্যাহত রাখতে হবে। ১৪.২ নিয়মিত অনুষদ সেমিনার আয়োজন করতে হবে এবং BRC কর্তৃক অনুমোদনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। বাস্তবায়নেঃ পরিচালক (গবেষণা ও উন্নয়ন)

সভায় আর কোনো আলোচ্যসূচি না থাকায় সম্প্রতি মৃত্যুবরণকারী বিপিএটিসি'র সাবেক অনুষদবর্গ এবং তাঁদের পরিবারের সদস্যগণের জন্য প্রার্থনা করাসহ শোকপ্রস্তাব উপস্থাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মোঃ রকিব হোসেন এনডিসি
রেক্টর

স্মারক নম্বর: ০৫.০১.২৬৭২.১৩৩.০৬.০৫৮.১৭.১৫

তারিখ: ২৬ বৈশাখ ১৪২৮
০৯ মে ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) অনুষদ সদস্য (সকল), বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি), সাভার, ঢাকা-১৩৪৩।

২) রেক্টর-এর একান্ত সচিব, বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি)

ড. মোঃ মহসীন আলী
পরিচালক